গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
গুইমারা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
web: dgfood.gov.bd
http://food.guimara.khagrachhari.gov.bd

স্মারক নং -১৩.০১.৪৬৭০.০০২.০২.০১৯.২৩-৬৯ তারিখ: ফেব্রুয়ারি ২০২৪ খ্রিঃ

" টিসিবি-কে ওএমএস খাতের চাল বিক্রয় বরাদ্দ আদেশ"

খাদ্য মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকার ১৫ জানুয়ারি ২০২৪ তারিখে ১৩.০০.০০০০.০৪৬.৩৩.০০৩.২২.১৪ নং স্মারকে জারীকৃত পরিপত্রের আলোকে জেলা প্রশাসক,খাগড়াছড়ি পার্বত্য জেলার ব্যবসা,বাণিজ্য ও বিনিয়োগ শাখার, ২০ ফেব্রুয়ারি,২০২৪ তারিখের ০৫.৪২.৪৬০০.০০৫.১১.০০১.২২-২৮ নং স্মারক ও জেলা খাদ্য নিয়ন্ত্রক,খাগড়াছড়ি পার্বত্য জেলার ২২/০২/২০২৪ খ্রিঃ তারিখের ২০৩ নং স্মারক এবং উপজেলা নির্বাহী অফিসার,গুইমারা এর ১৪/০২/২০২৪খ্রিঃ তারিখের ১৪৮(ক) নং স্মারক মোতাবেক উপজেলাধীন নিম্নোক্ত টিসিবি'র পণ্য বিক্রয় ৩টি কেন্দ্রের জন্য ফেব্রুয়ারি/২০২৪ইং মাসে "টিসিবি" কার্ডধারী/সুবিধা ভোগীদের নিকট প্রতি কেজি ৩০(ত্রিশ) টাকা হারে কার্ড প্রতি মাসিক ০৫(পাঁচ) কেজি চাল বিতরণের নিমিত্তে টিসিবি'র বিক্রয় কেন্দ্রের টিসিবি'র ডিলারগণকে বুঝিয়ে দেওয়ার জন্য গুইমারা উপজেলাধীন খাদ্য বিভাগের ওএমএস ডিলারগণের অনুকুলে তাদের নামের পার্শ্বে উল্লেখিত পরিমাণ চাল বর্ণিতশর্তে বরাদ্দ প্রদান করা হ'ল ঃ

| ক্রঃ নং | টিসিবি'র পণ্য বিক্রয় কেন্দ্রের নাম ও ঠিকানা | কেন্দ্রে টিসিবি'র কার্ডধারীর সংখ্যা | কেন্দ্রে চাল বরাদ্দ পরিমাণ (মেঃটনে) | খাদ্য গুদাম হতে চাল উত্তোলনকারী খাদ্য বিভাগের ওএমএস ডিলারের নাম ঠিকানা | ওএমএস ডিলার ওয়ারী বিভাজন পরিমাণ (মেঃটনে) | ওএমএস ডিলার হতে চাল গ্রহণকারী টিসিবি'র ডিলারের নাম ও ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৮ | ৯ |
| ১ | গুইমারা ইউপি ১হতে ৯নং ওয়ার্ড | সংখ্যা- ১৯৬১ টি | ৯.৮০৫ মে: টন | জনাব রেজাউল করিম গুইমারা সদর মোবা: ০১৮৭০-৬২৭২৭২ | ৯.৮০৫ মে: টন | মেসার্স আরিফ ষ্টোর প্রো: মো: আরিফ গুইমারা মোবা: ০১৮৮৯-৫১৫২১৭ | |
| ২ | সিন্ধুকছড়ি ইউপি ১হতে ৯নং ওয়ার্ড | ১০২৪ টি | ৫.১২০ মে:টন | ঐ | ৫.১২০মে: টন<br>= ১৪.৯২৫ মে:টন | | |
| ৩ | হাফছড়ি ইউপি ১হতে ৯নং ওয়াড | ২৬৫২ টি | ১৩.২৬০ মে: টন | জনাব জনি ভট্টাচার্য্য ডাক্তার টিলা গুইমারা মোবা: ০১৮৫৬-১১০০৭৫ | ১৩.২৬০মে: টন | | |
| | কেন্দ্র ০৩ টি | ৫,৬৩৭ টি | ২৮.১৮৫ মে: টন | - | ২৮.১৮৫ মে:টন | - | |

শর্তাবলী সমূহ :

১। খাদ্য বিভাগের ওএমএস ডিলার তার নামের বিপরীতে বরাদ্দকৃত পরিমাণ চালের মূল্য প্রতিকেজি ২৬/-(ছাব্বিশ) টাকা হিসেবে আগামী ২০/০২/২০২৪খ্রিঃ তারিখের মধ্যে ট্রেজারী চালানমূলে সরকারি খাতে সোনালী ব্যাংক লিঃ, শাখায় জমা প্রদান পূর্বক এ দপ্তর হতে বিলি আদেশ(ডি'ও) গ্রহণ করবেন।

অতপর **গুইমারা** এলএসডি হতে ডিও'র পরিমাণ চাল উত্তোলন পূর্বক চালের ওজন/পরিমাণ সঠিক আছে মর্মে প্রত্যয়ন প্রদান করবেন।

২। গুদামের ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক গুদাম হতে ডিও'র পরিমাণ চাল বিতরণ কালে চালের বস্তায় গায়ে "টিসিবি" খাতে বিতরণকৃত সিল দিয়ে চাল সরবরাহ করতে
হবে এবং বিতরণ শেষে চালের ওজন/পরিমাণ সঠিক আছে মর্মে ওএমএস ডিলার হতে "প্রত্যয়ণ" নিয়ে সংরক্ষন করবেন।



I:\টিসিবি-কে ওএমএস খাতে চাল বিতরণ বরাদ্দ নথি.doc

৩। ওএমএস ডিলার খাদ্য গুদাম হতে উত্তোলিত বুঝে নেওয়া চাল "টিসিবি" পণ্য বিতরণ কেন্দ্রে পৌঁছে দিয়ে টিসিবি ডিলার হতে নির্ধারিত মূল্য প্রতিকেজি ২৮/-
(আটাশ) টাকা দরে চালের মূল্য গ্রহণ পূর্বক ডিও'র পরিমাণ চাল **টিসিবি** ডিলারকে হস্তান্তর করবেন বা **টিসিবি** ডিলার নির্ধারিত মূল্য প্রতিকেজি ২৮/-(আটাশ)
টাকা দরে চালের মূল্য ওএমএস ডিলার-কে বুঝে দিয়ে নির্ধারিত পরিমাণ চাল বুঝে নিবেন। এ সম্পর্কিত টাকা বকেয়া রাখা যাবে না। চাল বুঝিয়ে দেওয়া ও
পাওয়ার স্বপক্ষে টিসিবি ডিলার এবং ওএমএস ডিলার "প্রত্যয়ন" সম্পাদন করে সংরক্ষণ করবেন।

৪। টিসিবি'র বিক্রয় কেন্দ্রের ডিলার টিসিবি'র কার্ড প্রতি পরিবারকে মাসিক ০৫(পাঁচ) কেজি করে প্রতিকেজি ৩০/-(ত্রিশ) টাকা দরে ওএমএস এর চাল বিতরণ করবেন।

৫। বরাদ্দকৃত পরিমাণ চাল ২৯ ফেব্রুয়ারি ২০২৪খ্রিঃ তারিখের মধ্যে সংশ্লিষ্ট টিসিবি'র কার্ডধারীর নিকট বিতরণ শেষ করতে হবে। মাস শেষে যে পরিমাণ চাল অবিক্রিত
থাকবে- তা টিসিবি ডিলার নিম্ন স্বাক্ষরকারীসহ সংশ্লিষ্ট সকলকে লিখিতভাবে অবহিত করবেন। মাসের জন্য বরাদ্দকৃত চাল অবিক্রিত থাকলে- তা পরবর্তী মাসের চাহিদার সাথে সমন্বয় করা হবে।

৬। টিসিবি'র বিক্রয় কেন্দ্রে চাল পরিবহণ/পৌঁছানোর ক্ষেত্রে **টিসিবি** ডিলার ও ওএমএস ডিলারগণ পারস্পরিক সমন্বয় করবেন।

২২/২/২৪
(মো: হারুন-অর-রশীদ)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
গুইমারা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

স্মারক নং -১৩.০১.৪৬৪৭.০০২.০২.০১৯.২৩- ৬৭ তারিখ: ২২ ফেব্রুয়ারি ২০২৪খ্রিঃ।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ

১। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিভাগ চট্টগ্রাম।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গুইমারা, খাগড়াছড়ি ।
৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৫। উপজেলা নির্বাহী অফিসার, গুইমারা ,খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৬। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ, গুইমারা/হাফছড়ি/সিন্ধুকছড়ি গুইমারা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, গুইমারা এলএসডি এ বিষয়ে ২নং শর্ত অবশ্যই অনুসরণ ও পরিপালন করার জন্য অনুরোধ করা হ'ল।
৮-৯। তদারককারী কর্মকর্তা জনাব আব্দুর রহিম মজুমদার/ মো: মজিবুর রহমান,উপ-সহকারী কৃষিকর্মকর্তা গুইমারা,খাগড়াছড়ি।
১০-১১। জনাব মো: রেজাউল করিম/ জনি ভট্টাচার্য্য, ওএমএস ডিলার, এ বিষয়ে ১-২ ও ৬নং শর্ত অবশ্যই অনুসরণ ও পরিপালন করার জন্য অনুরোধ করা হ'ল।
১২-১৩। জনাব ......................................................টিসিবি ডিলার, ......................................................, গুইমারা এ বিষয়ে ২-৫ ও ৬ নং শর্ত অবশ্যই অনুসরণ ও পরিপালন করার জন্য অনুরোধ করা হ'ল।

২২/২/২৪
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
গুইমারা, খাগড়াছড়ি পার্বত্য জেলা